



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৪৩

আধুনিক ভবনে রাজপাড়া থানার কার্যক্রমের উদ্বোধন

রাজশাহী; ৭ পৌষ (২২ ডিসেম্বর):

আজ (২২ ডিসেম্বর) সকাল ১০ টায় রাজশাহী মহানগরীর রাজপাড়া থানার কদমতলার মোড়ে ভাড়াকৃত নতুন ভবনের উদ্বোধন করেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)-এর পুলিশ কমিশনার।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন ভবনটি রাজপাড়া থানা এলাকার আইনশৃঙ্খলা রক্ষায় আরও কার্যকর ভূমিকা রাখবে। আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন এই ভবন পুলিশের কাজকে আরও সহজ করবে এবং জনগণের সেবা আরও দ্রুত ও কার্যকরভাবে প্রদান সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উল্লেখ্য, গত ৫ আগস্ট ২০২৪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে রাজপাড়া থানা ভবন ব্যাপক ক্ষতিগ্রস্ত হয় এবং থানার ব্যারাক বসবাসের অনুপযুক্ত হয়ে পড়ে। এই প্রতিকূলতার মধ্যে থেকেও থানায় কর্তব্যরত পুলিশ সদস্যরা স্থানীয় জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করাসহ আইনশৃঙ্খলা রক্ষায় তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করে যাচ্ছিলেন।

রাজপাড়া থানার এই বেহাল দশার বিষয়টি বিবেচনা করে আরএমপি'র পুলিশ কমিশনার একটি আধুনিক ভবন ভাড়া করার নির্দেশ দেন। তিনি রাজশাহী মেট্রোপলিটন পুলিশে কমিশনার হিসেবে যোগদানের পর মহানগর পুলিশের সার্বিক কল্যাণ, দক্ষতা ও মনোবল বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। পরিকল্পনার অংশ হিসেবে আবাসন সংকট নিরসনে আজ রাজপাড়া থানার নতুন ভবনের উদ্বোধন করেন।

অনুষ্ঠান শেষে পুলিশ কমিশনার ভবনটি পরিদর্শন করেন। উদ্বোধন উপলক্ষ্যে স্থানীয় বাসিন্দাদের মধ্যেও উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা যায়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আরএমপি'র পিওএম বিভাগের উপ-পুলিশ কমিশনার বিভূতি ভূষন বানার্জসহ আরএমপি'র উর্ধ্বতন কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, সাংবাদিক এবং সুশীল সমাজের প্রতিনিধিগণ।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রহুল/হালিম/২০২৪/১২:৩০ ঘ.